# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭।

স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০২.৩১.১৪১৩.১৮/২৩২১

তারিখঃ ১২-০৯-২০১৮ খ্রি.

***বিষয়ঃ একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।***

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠানে এস.এস.সি (ভোকেশনাল) শিক্ষাক্রমে নিম্নলিখিত শর্তে বর্ণিত ট্রেডসমূহে ০১/০৭/২০১৮ তারিখ হইতে ৩০/০৬/২০২১ তারিখ পর্যন্ত ৩ (তিন) বৎসরের জন্য একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। ৩০/০৬/২০২১ তারিখ অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন না করা হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গন্য হবে এবং উক্ত প্রতিষ্ঠানে পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় পরিচালনা থেকে বিরত করা হবে।
উল্লেখ্য যে, নিম্নলিখিত তালিকায় প্রতিষ্ঠানসমূহের জমির দলিলে তথ্য গরমিল/নামজারি/ডিসিআর/সর্বশেষ খাজনা খারিজ না থাকায় প্রতিষ্ঠান সমূহকে আগামী তিন মাসের মধ্যে জমির তথ্যাদি প্রয়োজনীয় যাচাই বাছাই সমন্ন করার শর্তে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হল। অন্যথায় একাডেমিক স্বীকৃতি বাতিল করা হবে।

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | প্রতিষ্ঠান কোড ও কারিকুলাম | ট্রেড/স্পেশালাইজেশনসমূহ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | ফুলবাড়ী টেকনিক্যাল অ্যান্ড বিএম ইন্সটিটিউট, ফুলবাড়ী, দিনাজপুর। | কোড- ১৩০৯২<br>এসএসসি (ভোকঃ) | ১. বিল্ডিং মেইনটেন্যান্স<br>২. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস | কাম্য শিক্ষার্থী থাকায় বিবেচনা করা যেতে পারে। |
| ২. | আটঘরিয়া পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, আটঘরিয়া, পাবনা। | কোড- ২৬০০৫<br>এসএসসি (ভোকঃ) | ১. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস<br>২. জেনারেল মেকানিক্স<br>৩. এগ্রোবেসড ফুড | বিল্ডিং মেইনটেন্যান্স ট্রেড নাম সংশোধন হয়ে জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস |
| ৩. | বাগবাটি মডেল গার্লস টেকনিক্যাল ইন্সটিটিউট, বাগবাটি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। | কোড- ২৫১২২<br>এসএসসি (ভোকঃ) | ১. এগ্রোবেসড ফুড<br>২. কম্পিউটার ও তথ্য প্রযুক্তি | কাম্য শিক্ষার্থী থাকায় বিবেচনা করা যেতে পারে। |
| ৪. | বাগবাটি টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ইছামতি-রাজিবপুর, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ। | কোড- ২৫০৪০<br>এসএসসি (ভোকঃ) | ১. জেনারেল ইলেকট্রনিক্স<br>২. সিভিল কন্সট্রাকশন<br>৩. কম্পিউটার ও তথ্য প্রযুক্তি<br>৪. ড্রেস মেকিং<br>৫. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস | কাম্য শিক্ষার্থী থাকায় বিবেচনা করা যেতে পারে। |
| ৫. | পাটগ্রাম টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, রহমানপুর, পাটগ্রাম, লালমনিরহাট। | কোড- ১৫০৩০<br>এসএসসি (ভোকঃ) | ১. কম্পিউটার ও তথ্য প্রযুক্তি<br>২. বিল্ডিং মেইনটেন্যান্স | কোড সংশোধন করা হল। |
| ৬. | বজরাটেক সবজা পাইলট উচ্চ বিদ্যালয়, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ। | কোড- ২২০০৪<br>এসএসসি (ভোকঃ) | ১. ড্রেস মেকিং<br>২. জেনারেল ইলেকট্রনিক্স<br>৩. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস | কাম্য শিক্ষার্থী থাকায় বিবেচনা করা যেতে পারে। |
| ৭. | জি.এস.কে.এল উচ্চ বিদ্যালয়, সড়াতৈল, বেলকুচি, সিরাজগঞ্জ। | কোড- ২৫০০৫<br>এসএসসি (ভোকঃ) | ১. জেনারেল ইলেকট্রনিক্স<br>২. অটোমোটিভ<br>৩. জেনারেল মেকানিক্স<br>৪. জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস | কাম্য শিক্ষার্থী থাকায় বিবেচনা করা যেতে পারে। |

***শর্তসমূহ ঃ***

১. নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়ে নিজস্ব জমিতে উপযুক্ত ভৌত অবকাঠামো নিশ্চিত করতে হবে এবং প্রতিষ্ঠানের নামে নামজারিসহ জমি সংক্রান্ত সকল তথ্যের মুল কপি যাচাই বাছাই কমিটিকে প্রদর্শন করতে হবে। কোন তথ্যের কাগজ জাল প্রমানিত হলে একাডেমিক স্বীকৃতি তাৎক্ষনিক বাতিল বলে গণ্য হবে।
২. ছাত্র-ছাত্রীর সংখ্যা ও পরিচালিত স্পেশালাইজেশনের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক মানসম্পন্ন ক্লাশ রুমের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
৩. পরিচালিত স্পেশালাইজেশনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও আসবাবপত্র সম্বলিত উপযুক্ত সংখ্যক ল্যাব/শপ নিশ্চিত করতে হবে এবং ব্যবহারিক ক্লাশ পরিচালনার জন্য প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ নিশ্চিত করতে হবে।
৪. ছাত্র-ছাত্রীর সংখ্যা অনুসারে ক্লাশ পরিচালনার উপযোগী প্রয়োজনীয় সংখ্যক (কমপক্ষে ২০টি ) ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার ল্যাব এর ব্যবস্থা করতে হবে।

৫. প্রবিধান মোতাবেক যথাযথ ক্লাশ রুটিন ও অধ্যক্ষ কক্ষে মাষ্টার রুটিন থাকতে হবে। রুটিন অনুসারে তাত্তিক ও ব্যবহারিক ক্লাশ অনুষ্ঠান নিশ্চিত করতে হবে। ছাত্র-ছাত্রীদের হাজিরা যথাযথভাবে সংরক্ষন করতে হবে এবং উপস্থিতি সন্তোষজনক হতে হবে।

৬. শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়ন এবং সন্তোষজনক ফলাফলের ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। এস,আর, ও অনুসারে যোগ্যতা সম্পন্ন ও প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ নিশ্চিত করতে হবে।

৭. লাইব্রেরীতে সংশ্লিষ্ট বিষয়ের পর্যাপ্ত সংখ্যক বই সংরক্ষণ করতে হবে এবং লাইব্রেরী শিক্ষার্থীদের ব্যবহারের জন্য খোলা রাখতে হবে।

৮. নীতিমালা অনুযায়ী উপযুক্ত পরিমান অর্থ (সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিল) ব্যাংকে জমা রাখতে হবে। এস.আর.ও অনুযায়ী প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে ও ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।

৯. প্রত্যেক অর্থ বছরের শেষে প্রতিষ্ঠানের জমা-খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

১০. বোর্ড প্রণীত ভর্তি নীতিমালা অনুযায়ী শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। কারিকুলাম অনুযায়ী বোর্ডের শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করতে হবে।

১১. একাডেমিক স্বীকৃতি প্রাপ্তির পরেও শিক্ষার্থী ভর্তির পূর্বে প্রতি শিক্ষাবর্ষে বোর্ডের নির্ধারিত অ্যাফিলিয়েশন ফি জমা দিতে হবে।

১২. স্বীকৃতি প্রাপ্ত কোন প্রতিষ্ঠানে একনাগারে তিন বছর কোন স্পেশালাইজেশনে শিক্ষার্থী ভর্তি করা না হলে অনুমোদিত স্পেশালাইজেশন/ট্রেড বাতিল করা হবে।

১৩. এস, আর, ও অনুযায়ী বৈধ ব্যবস্থাপনা কমিটি থাকতে হবে।

১৪. উল্লেখিত শর্তসমূহের কোন ব্যত্যয় পরিলক্ষিত হলে কারিগরি শিক্ষা বোর্ড উক্ত প্রতিষ্ঠানের একাডেমিক স্বীকৃতি বাতিল করতে পারবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে।

১২/০৯/১৮

(প্রকৌ: মো: আবদুল কুদ্দুস সরদার)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

প্রধান শিক্ষক/সুপার
..............................................
..............................................

স্মারক নং-৫৭.১৭.০০০০.৪০২.৩১.১৪১৩.১৮/২৩২১ তারিখঃ ১২-০৯-২০১৮ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৩-৫. সচিব/ পরিচালক (কারিকুলাম)/ পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. জেলা প্রশাসক, .................. ।
৭. উপজেলা নির্বাহী অফিসার, ........................................ ।
৮. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. অফিস নথি।

১২/০৯/২০১৮

(মোঃ জহিরুল ইসলাম)
উপ-পরিদর্শক (অতি: দা:)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,
ঢাকা।